দৈনিক বাংলা

তারিখ ১০/৭/৮২ ...
পৃষ্ঠা ... কলাম ...

২৬

030

## রামদিয়া কলেজ জাতীয়করণ করা হোক

ফরিদপুর জেলার রাজেন্দ্র কলেজের পরই ১৯৪২ সনে রামদিয়া এস কে কলেজ প্রতিষ্ঠিত হয়ে উনচল্লিশ বৎসর যাবৎ গ্রামাঞ্চলের গরীব জনসাধারণের মধ্যে জ্ঞানের আলো বিতরণ করে আসছে। সত্য বলতে, অনেক জেলা পর্যায়ের কলেজের চেয়েও এ প্রতিষ্ঠানটি উন্নতমানের। কলেজে লেখাপড়ার পরিবেশ ভাল। ফলে সকল পরীক্ষার ফলাফলই সবসময় সন্তোষজনক। নিজস্ব ১৬ একর জমির উপর ১৬ কক্ষবিশিষ্ট দ্বিতল ভবন, বিজ্ঞান ভবন, ছাত্র-শিক্ষকদের জন্যে আবাসিক সুযোগ-সুবিধা, ৪টি পুকুর, ১টি হ্রদ, ২টি খেলার মাঠ, উন্নতমানের লাইব্রেরী ও অন্যান্য সাজসরঞ্জাম দিতে কলেজটি সমৃদ্ধ। তাছাড়া, ব্যাংক, টেলিফোন এক্সচেঞ্জ, পোস্ট অফিস প্রভৃতি কলেজের নিজস্ব জায়গায় অবস্থিত। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থাও খুবই সুন্দর। তাছাড়া রামদিয়ায় বৈদ্যুতিক সুযোগসুবিধাও রয়েছে। একটি আদর্শ কলেজ হিসেবে এটিকে অনেক আগেই জাতীয়করণের আওতায় আনা উচিত ছিলো। ১৯৭৮ সনে সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষ কলেজটিকে সরকারীকরণের আশ্বাস দেন। গত নবেম্বর মাসেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সে আশ্বাসের পুনরাবৃত্তি করেন। তাছাড়া এ ব্যাপারে ইতিপূর্বে মাননীয় প্রধান মন্ত্রী সমীপে আবেদনও জানানো হয়েছে। তাই এলাকার জনসাধারণ আশা করছে সদাশয় সরকার অবিলম্বে কলেজটিকে জাতীয়করণ করে এলাকার দারিদ্র মানুষের অশেষ কল্যাণ সাধনে এগিয়ে আসবেন।

অধ্যাপক বেলায়েত হোসেন,
অধ্যাপক শেখ আবদুল হাসিম,
অর্থনীতি বিভাগ,
রামদিয়া কলেজ ফরিদপুর।